

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

রেজিঃ ডাকযোগে

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/০৩/২০১৮/

তারিখঃ.....

বিষয় : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, কালামুখা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ভাংগা, ফরিদপুর (ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলার নাছিরাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা আনয়ন প্রসঙ্গে।

অভিযোগনামা

আপনি জনাব রবীন্দ্র নাথ বৈদ্য, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, কালামুখা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ভাংগা, ফরিদপুর (ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলার নাছিরাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৩/১১/২০১৭ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/১টি-১৩৩/৯৯(অংশ-২)/৩২৭৯ নম্বর স্মারকে আপনাকে একই উপজেলার নাছিরাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বদলী করা হয়। আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে বদলীর আদেশ বাতিলের জন্য শৃঙ্খলা পরিপন্থিভাবে তদবীর করেন; এবং

০২। যেহেতু, আপনি বদলীর আদেশ বাতিলের জন্য সিরাজগঞ্জ জেলার যুবলীগের সভাপতি জনাব মঈন খান কর্তৃক তদবীর করেছেন। প্রকৃতপক্ষে সিরাজগঞ্জ জেলায় জনাব মঈন খান, যুবলীগ সভাপতি নামে কোন ব্যক্তি নেই বিধায় আপনি মিথ্যার আশ্রয় নিয়েছেন; এবং

০৩। যেহেতু, আপনি বদলীর আদেশ বাতিলের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা জনাব এইচ টি ইমাম মহোদয়ের নাম ব্যবহার করে বদলি বাতিলের তদবীর করেছেন। প্রকৃতপক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা জনাব এইচ টি ইমাম মহোদয়ের দপ্তর থেকে এ ধরনের তদবীর করা হয়নি মর্মে জানিয়েছেন। আপনি এক্ষেত্রেও মিথ্যা চাতুরতার আশ্রয় গ্রহণ করেছেন; এবং

০৪। যেহেতু, আপনার এহেন কার্যকলাপ বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ করা ও কর্তব্যে চরম অবহেলা যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ। তাছাড়া চাকুরীর ক্ষেত্রে যে কোন তদবীর অসদাচরণের সামিল।

০৫। এক্ষেত্রে সেহেতু, আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ধারা মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে অভিযুক্ত করা হ'ল এবং কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত বা একই বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ)টি কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল। আপনি ব্যক্তিগত ঊনানী প্রদানে আগ্রহী কিনা তাও জবাব পত্রে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

০৬। যে সকল অভিযোগের উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

জনাব রবীন্দ্র নাথ বৈদ্য
উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার
কালামুখা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (নাছিরাবাদ
ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বদলীর আদেশাধীন)
ভাঙ্গা, ফরিদপুর।

—
(মোঃ রমজান আলী)
যুগ্ম সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
পরিচালক (প্রশাসন)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/০৩/২০১৮/১৬/১৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ফরিদপুর (সংযুক্ত পত্রটি জনাব রবীন্দ্র নাথ বৈদ্য উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, কালামুখা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর এর নিকট হস্তান্তর করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের শৃংখলা শাখায় অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি), ভাঙ্গা, ফরিদপুর।
- ৪। বেগম বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ডিজিএফপি'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
- ৬। অফিস কপি।

তারিখঃ ২২/০৯/২০১৮ খ্রিঃ
২৬/৯/২০১৮

এ.কে.এম রোকনুজ্জামান
সহকারী পরিচালক (পার-২)।